

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর, এর জুন/২৪ মাসের নৈতিকতা কমিটির সদস্যগণের সমন্বয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :-

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর অফিস কক্ষ।

তারিখঃ ২৪/০৬/২৪ খ্রিঃ।

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

অধ্যক্ষ সভায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রী পরিষদ বিভাগের ২১ জানুয়ারী/১৩ খ্রিঃ তারিখের স্মারক নং-০৪.২২১.০১৪.০০.০৩.০১৯.২০১০/৩৩৮ এ প্রদত্ত নির্দেশনা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নে নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর, কর্তৃক আলোচ্য সুচী মোতাবেক আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নৈতিকতা কমিটির সভা	নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত আলোচনায় প্রতি ত্রৈমাসে নৈতিকতা কমিটির সভা করার জন্য সভাপতি নৈতিকতা কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করেন।	প্রতি মাসে নৈতিকতা কমিটির সভা করতে হবে।	নৈতিকতা কমিটি
০২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।	অধ্যক্ষ সভায় সভাপতি সাহেব জানান যে, গত ২১/১/২৪ খ্রিঃ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা প্রতি মাসে ০১ টি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি
০৩	ওয়েব সাইটে সেবা বক্র হালনাগাদকরণ	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্র হালনাগাদ করতে হবে। স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্র হালনাগাদ করতে হবে।	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্র হালনাগাদ করার জন্য ডিজিটাল সিটিজেন চার্টার সংগ্রহ করে ওয়েব সাইটে দিতে হবে।	নৈতিকতা কমিটি
০৪	ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার	৭.১ পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপি আর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত আলোচনায় ক্রয় পরিকল্পনা গ্রহণ ও অনুমোদন করা হয়েছে। কিন্তু ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি জানা যায়। ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	নৈতিকতা কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(মোঃ রবিউল রানা)

উপজেলা সমবায় অফিসার

গুরুদাসপুর, নাটোর।

স্মারক নং- ৪৭.৬১.৬৯৪১.০০০.৩৯.০২৫.২২- ১৬৭/১(২)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা সমবায় কর্মকর্তা, নাটোর।

০২। জনাবসহকারী পরিদর্শক/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর।

০৩। অফিস নথি।

তারিখ- ২৪/০৬/২৪খ্রিঃ।

২৪/০৬/২৪ খ্রিঃ।

উপজেলা সমবায় অফিসার

গুরুদাসপুর, নাটোর।